ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
POSTS & TELECOMMUNICATIONS DIVISION

ডিজিটাল বাংলাদেশ
Digital Bangladesh

মুজিব শতবর্ষ MUJIB 100

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
কোম্পানি-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.ptd.gov.bd

নম্বর: ১৪.০০.০০০০.০০৮.২২.০২৪.২০.২৮৫

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪২৭
১০ ডিসেম্বর ২০২০

প্রজ্ঞাপন

আইন বা বিধির অধীনে অন্য কোন প্রতিষ্ঠানের নিকট ক্ষমতা অর্পণের ক্ষেত্র ব্যতিরেকে, টেলিযোগাযোগ অধিদপ্তর Rules of Business, 1996 এর Schedule-I-এ বর্ণিত টেলিযোগাযোগ সংশ্লিষ্ট বিষয়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের উপর অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে পালনে সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর নির্দেশ ৬ অনুযায়ী নির্বাহী কার্যাবলী পরিচালনা করবে যার মধ্যে নিম্নোক্ত বিষয়সমূহও অন্তর্ভুক্ত:-

(ক) টেলিযোগাযোগ বা ডিজিটাল অবকাঠামো, নেটওয়ার্ক, রিসোর্স, সেবা এবং এর আর্থসামাজিক প্রভাব সংক্রান্ত বিষয়ে সরকারের তথ্যভাণ্ডার হিসাবে দায়িত্ব পালন এবং চাহিদা অনুযায়ী উপস্থাপন, বিশ্লেষণ এবং পরামর্শ প্রদান;
(খ) টেলিযোগাযোগ খাত সংক্রান্ত আইন, বিধি, নীতি, কৌশল, গাইডলাইন ও পরিকল্পনা প্রণয়নে সরকারকে সহায়তাকরণ এবং প্রযোজ্য ক্ষেত্রে বাস্তবায়ন;
(গ) দেশের সর্বত্র উন্নত টেলিযোগাযোগ বা ডিজিটাল অবকাঠামো ও নেটওয়ার্কসহ যথোপযুক্ত গ্রাহক প্রান্তের যন্ত্রপাতি এবং মানসম্পন্ন সেবার প্রাপ্যতা নিশ্চিতকরণে পরিবীক্ষণ ও পর্যালোচনা সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা;
(ঘ) সামগ্রিক ডিজিটাল রূপান্তরের নীতি, কৌশল ও পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন এবং সমন্বয় সংশ্লিষ্ট কার্যক্রমে সরকারকে সহায়তাকরণ;
(ঙ) Over The Top সেবা সমূহের ক্ষেত্রে সমন্বয়মূলক কার্যক্রমসহ গ্রাহক এবং রাষ্ট্রের স্বার্থ সংরক্ষণ;
(চ) সরকারের নির্দেশনা অনুযায়ী টেলিযোগাযোগ খাতে জাতীয় সম্পদসমূহের (যেমন: স্পেকট্রাম, নাম্বারিং, ল্যান্ডিং রাইটস, স্পেস অরবিট ইত্যাদি) অর্জন, আন্তর্জাতিক পরিমন্ডলে সংশ্লিষ্ট বিষয়ে সমন্বয় এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবস্থাপনা ও পরিবীক্ষণ সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা;
(ছ) ডিজিটাল সুরক্ষা ও নিরাপত্তা, তথ্য ও যোগাযোগের গোপনীয়তা রক্ষা এবং জনসচেতনতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রমে সরকারকে সহায়তাকরণ;
(জ) স্বয়ংক্রিয় (automatic) এবং কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহারকারী সিস্টেমসহ দেশে টেলিযোগাযোগ সংশ্লিষ্ট নতুন প্রযুক্তি প্রচলনের সম্ভাব্যতা যাচাই, প্রযুক্তির অভিযোজন এবং সংশ্লিষ্ট বাস্তুতন্ত্র (ecosystem) সৃজনে সহায়তাসহ প্রযোজ্য ক্ষেত্রে ব্যবস্থাপনায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
(ঝ) ব্রডব্যান্ডের বিস্তার ও আইপি রিসোর্সসমূহের ব্যবস্থাপনায় মন্ত্রণালয়/বিভাগকে সহায়তাকরণ;
(ঞ) ডিজিটাল ডিভাইড নিরসন কার্যক্রমে সহায়তাকরণ;
(ট) আন্তর্জাতিক পর্যায়ে দেশী প্রতিষ্ঠান কর্তৃক টেলিযোগাযোগ সেবা প্রদানে নীতি, কৌশল, গাইডলাইন ও পরিকল্পনা প্রণয়নে মন্ত্রণালয়/বিভাগকে সহায়তাকরণ এবং প্রযোজ্য ক্ষেত্রে বাস্তবায়ন;
(ঠ) টেলিযোগাযোগ বা ডিজিটাল সেবা ও ট্যারিফ নির্ধারণ এবং সরকারের রাজস্ব সংশ্লিষ্ট কার্যক্রমে মন্ত্রণালয়/বিভাগকে সহায়তাকরণ;
(ড) টেলিযোগাযোগ বা ডিজিটাল প্রযুক্তি ও সেবা সম্পর্কিত আন্তর্জাতিক এবং আঞ্চলিক/উপ-আঞ্চলিক সংস্থাসমূহের সাথে যোগাযোগ ও সমন্বয়ে মন্ত্রণালয়/বিভাগকে সহায়তাকরণ;
(ঢ) টেলিযোগাযোগ খাতে রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন ও প্রতিযোগিতার সক্ষমতা বৃদ্ধিতে মন্ত্রণালয়/বিভাগকে সহায়তাকরণ;
(ণ) আওতাধীন বিষয়ে আন্তর্জাতিক চুক্তি ও সমঝোতা স্মারক এবং আন্তঃরাষ্ট্রীয় সহযোগিতার বিষয়ে সরকারকে সহায়তাকরণ;

(ত) গবেষণা ও উন্নয়ন এবং ডিজিটাল দক্ষতাসম্পন্ন মানবসম্পদ উন্নয়নে কার্যক্রম পরিচালনা;

(থ) আওতাধীন বিষয়ে সরকারি ও বেসরকারি বিভিন্ন কর্তৃপক্ষ, প্রতিষ্ঠান এবং সংস্থার সাথে সমন্বয়;

(দ) দেশীয় পর্যায়ে টেলিযোগাযোগ বা ডিজিটাল যন্ত্রপাতি উন্নয়ন, উৎপাদন ও সংযোজন এবং প্রযোজ্য ক্ষেত্রে মূল্য সংযোজনের পরিসর বিস্তৃতকরণে কার্যক্রম পরিচালনা;

(ধ) এসডিজি বাস্তবায়নসহ দুর্যোগ ও আপৎকালীন ব্যবস্থাপনায় টেলিযোগাযোগ বা ডিজিটাল প্রযুক্তির প্রয়োগ সংক্রান্ত কার্যক্রম;

(ন) সর্বজনীন প্রবেশগম্যতা (Accessibility) নিশ্চিতকরণসহ দুর্গম ও অনগ্রসর এলাকায় টেলিযোগাযোগ অবকাঠামো উন্নয়নসহ সেবা বিস্তারে সরকারের কার্যক্রমে সহায়তাকরণ;

(প) টেলিযোগাযোগ অবকাঠামো, যন্ত্রপাতি, সফটওয়ার ও প্রটোকলসমূহে ‘বাংলাদেশ প্রমিত মান’ নিশ্চিতকরণ এবং পরিবেশ ও জনস্বাস্থ্য সংরক্ষণে মন্ত্রণালয়/বিভাগকে সহায়তাকরণ;

(ফ) টেলিযোগাযোগ খাতে দেশী ও বিদেশী বিনিয়োগ উৎসাহিতকরণ এবং এ খাতে উদ্যোক্তা সৃজনে কার্যক্রম পরিচালনা;

(ব) গ্রাহক স্বার্থ সুরক্ষা ও অভিযোগ ব্যবস্থাপনাসহ মন্ত্রণালয়/বিভাগের অভিপ্রায় অনুসারে বিভিন্ন আইনি কার্যক্রমে সহায়তাকরণ;

(ভ) সরকারের নীতি বাস্তবায়ন এবং প্রাতিষ্ঠানিক উন্নয়নের উদ্দেশ্যে প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়ন;

(ম) সরকার কর্তৃক অর্পিত অন্য যে কোন দায়িত্ব পালন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



১০-১২-২০২০

এস. এম. তারিক
উপসচিব

নম্বর: ১৪.০০.০০০০.০০৮.২২.০২৪.২০.২৮৫/১(১৯)

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪২৭ / ১০ ডিসেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৪) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
৫) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
৬) চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
৭) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, টেলিযোগাযোগ অধিদপ্তর
৮) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)
৯) ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড
১০) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল)
১১) ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড
১২) ব্যবস্থাপনা পরিচালক, টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড
১৩) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড
১৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

১৫) মাননীয় সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

১৬) উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস (প্রজ্ঞাপনটি গেজেট এর পরবর্তী অতিরিক্ত সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)

১৭) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তার ও দূরালাপনী , সেগুনবাগিচা, ঢাকা।

১৮) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

১৯) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (টেলিকম ) এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.telecomdept.gov.bd

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.২৮.০০১.২০.১৬০

তারিখ: ১০ পৌষ ১৪২৭
২৫ ডিসেম্বর ২০২০

টেলিযোগাযোগ অধিদপ্তরের কার্যাবলী বিষয়ক ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রজ্ঞাপনখানা পৃষ্টাংকন করে সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

২৭-১২-২০২০
এস. এম ফরহাদ হোসেন
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: +৮৮০-২-৯৮৩০৪০০
ইমেইল: smfarhad.hossain@telecomdept.gov.

১) অতিরিক্ত মহাপরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর।

২) পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর।

৩) উপপরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর।

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.২৮.০০১.২০.১৬০/১

তারিখ: ১০ পৌষ ১৪২৭
২৫ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপপরিচালক, টেলিকম নিরাপত্তা, টেলিযোগাযোগ অধিদপ্তর (ডিজি মহোদয়ের সদয় অবগতির জন্য)

২) অফিস কপি।

২৭-১২-২০২০
মোহাম্মদ মামুন অর রশিদ
সিনিয়র সহকারী পরিচালক